(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন-৪ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ).৩০৭

তারিখঃ ১৩ কার্তিক, ১৪৩১
২৯ অক্টোবর, ২০২৪

**পরিপত্র**

বিষয়ঃ তথ্য সংশোধনপূর্বক বিদেশে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তিকরণ।

তথ্য সংশোধনপূর্বক বিদেশে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপঃ

০১. ই-পাসপোর্টে নাম (নিজ, পিতা ও মাতা) ও বয়স সংশোধনের জন্য-

(ক) বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্টের তথ্যে গরমিল হলে জাতীয় পরিচয়পত্রের প্রদত্ত তথ্য (নাম, পিতা-মাতার নাম, বয়স ইত্যাদি) অনুযায়ী পাসপোর্ট রি-ইস্যু করতে হবে। তবে, অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/জেডিসি/এসএসসি/এইচএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্তবিশ্ববিদ্যালয় ও সমমান-এঁর সনদ বিবেচনা করা যেতে পারে;

(খ) আবেদনকারীদের মধ্যে যাদের জাতীয় পরিচয়পত্র নেই তাঁদের ক্ষেত্রে জন্মসনদ বিবেচনা করতে হবে;

(গ) আবেদনকারীর মৌলিক তথ্যের সম্পূর্ণ সংশোধনের ক্ষেত্রে (নিজ নাম, পিতা-মাতার নাম) বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চের মাধ্যমে প্রদত্ত তথ্য যাচাই করতে হবে;

(ঘ) আবেদনকারীর বয়স সংশোধনের ক্ষেত্রে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের ব্যবধান পর্যন্ত বিবেচনা করা যেতে পারে;

(ঙ) জন্মসনদ দিয়ে তথ্য সংশোধনের ক্ষেত্রে, আবেদনকারী প্রাপ্ত বয়স্ক হলে আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট দেশের অবস্থান/বসবাসের প্রমাণক, ছবি, নাম এবং বয়স সম্বলিত প্রমাণক যেমনঃ পারমানেন্ট রেসিডেন্ট কার্ড/জব আইডি কার্ড/স্টুডেন্ট আইডি কার্ড/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি সংযোজন করতে হবে, যা দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০২. শুধুমাত্র বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে এ বিভাগ হতে জারীকৃত ১৩.১২.২০২২ তারিখের ৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ).১৫৮ নং পরিপত্রের পরিবর্তে এ পরিপত্র প্রযোজ্য হবে।

০৩. পরিপত্র জারির তারিখ হতে আগামী ৩০.০৪.২০২৫ তারিখ পর্যন্ত এ পরিপত্র অনুসরণ করে বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকগণ পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদন করতে পারবেন।

০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৯/১০/২০২৪

মোঃ আমিন আল পারভেজ
উপসচিব
ফোন-০২-৫৫১০১১৩৯
Email-immi4@ssd.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বিতরণ:

০১. মাননীয় উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০২. মাননীয় উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী ভবন, ঢাকা-১০০০
০৩. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০৬. সচিব, প্রবাসী ও বৈদেশিক কল্যাণ মন্ত্রণালয়, প্রবাসী ভবন, ঢাকা
০৭. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৮. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৯. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
১১. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা
১২. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম-মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
১৩. প্রকল্প পরিচালক, "বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা
১৪. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
১৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd
পাসপোর্ট শাখা

স্মারক নম্বর-৫৮.০১.০০০০.২০২.৩৫.০১৬.২০২২-১৩০০

তারিখঃ ১৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ।
০৩ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ **তথ্য সংশোধনপূর্বক বিদেশে ই-পাসপোর্ট ইস্যু/রি-ইস্যু আবেদনসমূহ নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭(অংশ).৩০৭; তারিখঃ ২৯ অক্টোবর ২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে পৃষ্ঠাঙ্কিত পরিপত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩.১১.২০২৪

(মোক্তার হোসেন)
উপপরিচালক (পাসপোর্ট পলিসি ও সমন্বয়)
মহাপরিচালকের পক্ষে
ddpassport@passport.gov.bd

**অনুলিপি: (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনস্যুলেট জেনারেল, বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসাল জেনারেল... সকল।
০২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়। **(Basic Checks Clearance মডিউলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে পরিপত্রটি অনুসরণকরণের অনুরোধসহ)।**
০৩। পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।
০৪। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস... সকল।
০৫। উপপরিচালক (পাসপোর্ট/CRI/AFIS/Demo), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
০৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সিস্টেম এনালিস্ট/এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা। **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৮। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস... সকল।
০৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন/মাসব্য ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।